



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬৭২৯২৯, ০২৯৯৬৬৭৩০৩৮, মোবাইল: ০১৩০৯১১৯৯৯
ই-মেইল: gssccollege_mukta@yahoo.com
ওয়েবসাইট: gssccollege.gov.bd



তারিখ: ২৩ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি (২য় ধাপ)

শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহে উচ্চমাধ্যমিক শ্রেণিতে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ২য় ধাপে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ভর্তি প্রক্রিয়া নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী সম্পন্ন করা হবে। ছাত্র-ছাত্রীদের করণীয়:

১. টাকা জমা দেওয়ার তারিখ: ১১ অক্টোবর ২০২৬ সকাল ১০:০০ টা থেকে ১৩ অক্টোবর ২০২৬ বেলা ০২:০০ পর্যন্ত।
২. ভর্তির পূর্বে ওয়েবসাইট: (<https://gssccollege.eshiksaems.com>)-এ প্রবেশ করে ০৪ (চার) নং অনুচ্ছেদে বর্ণিত নিয়মে ভর্তি ফরমপূরণ এবং পেমেন্ট সম্পন্ন করতে হবে।

ফি'র পরিমাণ

শাখা	বিজ্ঞান		মানবিক		ব্যবসায় শিক্ষা	
	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী	ছাত্র	ছাত্রী
টাকার পরিমাণ	৩,৪৮০/-	৩,২৪০/-	২,৮৮০/-	২,৬৪০/-	২,৮৮০/-	২,৬৪০/-

৩. পেমেন্ট স্লীপসহ কাগজপত্র জমা দেওয়ার সময় ও স্থান

শাখা	ভর্তির তারিখ ও বার	সময়	কাগজপত্র জমা দেওয়ার স্থান
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা	১১ অক্টোবর ২০২৬ রবিবার থেকে ১৩ অক্টোবর ২০২৬ মঙ্গলবার পর্যন্ত	প্রতিদিন সকাল ১০:০০ টা থেকে বেলা ০২:০০ টা পর্যন্ত	শিক্ষক পরিষদ (মূলভবনের নীচতলা)

৪. অনলাইনে ভর্তির ফরমপূরণ ও পেমেন্ট সম্পন্ন করার নিয়মাবলি:

- একাদশ শ্রেণিতে ভর্তির জন্য <https://gssccollege.eshiksaems.com> ওয়েবসাইট প্রবেশ করে এ **User Name** (gsscstudent) ও **Password** (gsscstudent) দিয়ে Login করতে হবে।
- এরপর 'Admission' ম্যনু থেকে '+Click for Admission' এ ক্লিক করতে হবে।
- Select Level থেকে HSC; Select Department/Group থেকে HSC- Science/ HSC- Humanities/ HSC- Business Studies (ভর্তির জন্য নির্বাচিত যে গ্রুপ সেটির উপর ক্লিক করতে হবে) এবং পর শিক্ষার্থীকে Admission Roll/ Application ID/ SSC Roll/ Reg No.-এর ঘরে ৬ ডিজিটের SSC Roll লিখে Check for Admission-এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফরমে শিক্ষার্থীর প্রয়োজনীয় তথ্য প্রদান করে 'Save' বাটনে ক্লিক করতে হবে।
- বিকাশ অ্যাপে লগইন করে 'এডুকেশন ফি' অথবা (Education Fee) বাটনে ক্লিক করতে হবে।
- সার্চ বক্সে Shahid Smriti Govt. College লিখে স্টুডেন্ট আইডি-এর ঘরে ৬ ডিজিটের SSC Roll প্রদান করলে শিক্ষার্থীর নাম ও Bkash- এ প্রতি ট্রানজেকশন ফি ২৫ টাকা সহ মোট টাকার পরিমাণ প্রদর্শিত হবে।
- টাকার পরিমাণ এবং তথ্য যাচাই করে নিয়ে বিকাশ পিন (PIN) দিতে হবে। স্ক্রিনের নিচে ট্যাপ করে ধরে রেখে পেমেন্ট সম্পন্ন করতে হবে। পেমেন্ট সম্পন্ন করার পর শিক্ষার্থীর অভিভাবকের মোবাইলে কলেজের ক্লাস রোল নম্বর ও ভর্তি সম্পন্ন হওয়ার এসএমএস (SMS) যাবে।
- বিকাশ অ্যাপের মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ করে <https://gssccollege.eshiksaems.com> ওয়েবসাইট থেকে 'Application Form Reprint' অপশন থেকে SSC Roll দিয়ে আবেদন কপি ও Receipts Print অপশন থেকে পেমেন্টের রশিদ প্রিন্ট করে একাদশ ভর্তি কমিটি-২০২৬-এর নিকট জমা দিতে হবে।
- ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র (সকল কাগজপত্র A4 সাইজের বড় খামে দিতে হবে):
 - ওয়েবসাইটে পূরণকৃত ভর্তি ফরমের প্রিন্টেড কপি ও ২ টি ফটোকপি।
 - এসএসসি বা সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রশংসাপত্রের মূল কপি ও ফটোকপি।
 - এসএসসি বা সমমানের পরীক্ষার প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
 - শিক্ষার্থীর জন্ম নিবন্ধন এবং পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
 - কোটা থেকে মনোনয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাগজপত্র জমা দিতে হবে।

০৮/১০/২৬

প্রফেসর মোঃ ছফির উদ্দিন চৌধুরী (০১২৮৯৯)
অধ্যক্ষ
শহীদ স্মৃতি সরকারি কলেজ
মুক্তাগাছা, ময়মনসিংহ